গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০১৮.০৪.০০৩.১৮-৩১৫

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৯.১৮-১৬২, তারিখ- ১১ এপ্রিল ২০১৮খ্রিস্টাব্দ মোতাবেক লালমনিরহাট সদর উপজেলাধীন সুকানদীঘি জলমহালটি জেলা হতে ইজারা প্রদানের সদয় নির্দেশনার প্রেক্ষিতে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে উক্ত জলমহালটি ১৪২৫ বঙ্গাব্দ হতে ১৪২৭ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত শর্ত সাপেক্ষে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতির নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ধার্য তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট বরাবর দাখিল করতে হবে। ধার্য তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদন ফরম সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব শাখা হতে ৫০০/- (পাঁচ শত) টাকা (অফেরত যোগ্য) জমা দিয়ে ধার্য তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট এর অফিস কক্ষের সামনে রক্ষিত বাক্সে আবেদন দাখিল করা যাবে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

জলমহালের ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব শাখা হতে সংগ্রহ করা বা জানা যাবে।

জলমহালের বিবরণ

উপজেলার নাম	জলমহালের নাম, মৌজা ও আয়তন	সরকারি ইজারা মূল্য (বার্ষিক)	ইজারার মেয়াদ
লালমনিরহাট সদর	সুকানদীঘি, মৌজা- গুড়িয়াদহ, আয়তন- ৩৭.০৬ একর	৭,৯৭,০০০/-	১৪২৫ - ১৪২৭ বঙ্গাব্দ

আবেদন ক্রয় ও দাখিলের তফসিল

পর্যায়	আবেদন বিক্রয়ের শেষ তারিখ ও সময়	আবেদন দাখিলের তারিখ ও সময়	আবেদন উন্মুক্তকরণ	মন্তব্য
১ম	১৬ মে ২০১৮ খ্রিস্টাব্দ সকাল-৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত	১৭ মে ২০১৮খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	১৭ মে ২০১৮ খ্রিস্টাব্দ দুপুর ১.১৫ টা	যে পর্যায়ে ইজারা গৃহীত হবে তার পরবর্তী পর্যায়ের তফসিল বাতিল বলে গণ্য হবে।
২য়	০৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ সকাল-৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত	০৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ দুপুর ১.১৫ টা	
৩য়	২৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত	২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ দুপুর ১.১৫ টা	

শর্তাবলী

১। আবেদনের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

২। আবেদনের সাথে প্রদত্ত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে অর্ডার জেলা প্রশাসক, লালমনিরহাটের অনুকূলে জামানত হিসেবে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। জলমহালটি চলতি বছরের যে সময়ই ইজারা প্রদান করা হোক না কেন তা এ বছরের ১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

৩। আবেদনের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠণতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

৪। আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/ উপজেলা সমবায়/ সমাজ সেবা অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৫। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি তিন বছর মেয়াদী ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে।

৬। জলমহালের বিস্তারিত বিবরণ ও অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে।

স্বাক্ষরিত/-
(মোঃ গোলাম ফেরদৌস)
পরিচিতি নং-১৭৭৪৬
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালমনিরহাট
ফোন- ০৫৯১-৬১৪৬৮

চলমান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০১৮.০৮.০০৩.১৮ ৩১৫/১(২৫)

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১ - ১৪৩ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, লালমনিরহাট।
০৬। জেলা মৎস্য কর্মকর্তা, লালমনিরহাট।
০৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন রোর্ড, লালমনিরহাট।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
০৯। সহকারী কমিশনার (ভূমি), লালমনিরহাট সদর, লালমনিরহাট। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। জেলা সমবায় অফিসার, লালমনিরহাট।
১১। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, লালমনিরহাট।
১২। বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর।
১৩। তথ্য অফিসার, লালমনিরহাট। তাকে মাইকযোগে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। জেলা মহিলা বিষয়ক অফিসার, লালমনিরহাট।
১৫। প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। এ বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১৬। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতিতে দেয়ার জন্য।
১৭। সি এ টু এ ডি সি (রাজস্ব), লালমনিরহাট। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট মহোদয়ের সদয় অবগতিতে দেয়ার জন্য।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তিস্তা ইউনিয়ন ভূমি অফিস, সদর, লালমনিরহাট। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৯। সম্পাদক, দৈনিক খোলা কাগজ, বসতি হরাইজন এ্যাপার্টমেন্ট নং- ১৮/ বি, হাউজ- ২১, রোড- ১৭, বনানী বানিজ্যিক এলাকা, ঢাকা- ১২১৩। উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি এক দিনের জন্য ২ কলাম X ৮ ইঞ্চি আকারে পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ করার জন্য এবং দুই কপি পত্রিকা বিলসহ এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২০। জনাব ,..লালমনিরহাট সদর/ আদিতমারী, লালমনিরহাট।
২১। অফিস কপি/ নোটিশ বোর্ড।

(মোঃ গোলাম ফেরদৌস)
পরিচিতি নং-১৭৭৪৬
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালমনিরহাট।
ফোন- ০৫৯১-৬১৪৬৮
rdclalmonirhat@gmail.com